

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা কাটেনি

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ৬ই এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয় সর্বদলীয় ছাত্র এক্যের আন্দোলনের মুখে উপাচার্য ক্যাম্পাস ত্যাগ করলেও বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা কাটেনি। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক ও হিসেব পরিচালকের মত পাঁচটি পদের সবগুলোতে স্থায়ী কোন ব্যক্তি কর্মরত নেই। বিশ্ববিদ্যালয়ের লেখাপড়ার (একাডেমিক) কাজ হলেও প্রশাসনিক কাজে রুটিন ওয়ার্কের বাইরের কোন গুরুত্বপূর্ণ কাজ করা সম্ভব হচ্ছে না। গুরুত্বপূর্ণ ফাইলগুলো দীর্ঘদিন যাবৎ অফিসসমূহে আটকা আছে। উপাচার্যের দূর্নীতি স্বজনপ্রীতি ও বিশ্ববিদ্যালয় প্রশাসনকে ছামাতীকরণের অভিযোগে সর্বদলীয় ছাত্র এক্যের আন্দোলনের মুখে ১৯শে মার্চ হতে উপাচার্য ক্যাম্পাস ছেড়ে পালিয়ে যান। উপাচার্য ক্যাম্পাস ত্যাগের প্রাক্কালে সমাজবিজ্ঞান অনুষদের ডীন ডঃ এবিন উদ্দিনকে অস্থায়ীভাবে উপাচার্যের দায়িত্ব দেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ আশরাফ আলী ও হিসাব পরিচালক নজরুল ইসলাম আর্থিক অনিয়মের কারণে চাকরি থেকে সাময়িকভাবে বহিস্কৃত থাকায় এ দু'টি পদে ভারপ্রাপ্ত হিসেবে মোঃ আমজাদ হোসেন ও ডঃ সাফায়াত হোসেন দায়িত্ব পালন করছেন। ২৯শে মার্চ অস্থায়ী রেজিস্ট্রার এবং ৩০শে মার্চ হতে কোষাধ্যক্ষ পদ-ত্যাগপত্র দাখিল করেছেন।



বিশ্ববিদ্যালয়ের সাধারণ রুটিন ওয়ার্ক ইসলামী বিশ্ববিদ্যালয় : উপাচার্যের কাজ ছাড়া গুরুত্বপূর্ণ কাজের জন্য তালাবদ্ধ রক্ষা। —সংবাদ